369

দৈনিক সংবাদ

তারিখ ··· MAR. ২1-1999 ··· ···
পৃষ্ঠা ৪ কলাম ৩ ······

## স্বেচ্ছায় ২০ বছরে পেনশন এবং ফাইল চাপা প্রসঙ্গে

দীর্ঘদিন যাবৎ বিশ্বব্যাংকসহ বিভিন্ন দাতা সংস্থা সরকারের আকার ছোট করার পরামর্শ দিয়ে আসছিল। সেই লক্ষ্যে সম্প্রতি জনপ্রশাসন সংস্কার কমিশন সরকারি চাকরির বয়সসীমা ৫ বছর কমিয়ে ২০ বছরে পূর্ণ পেনশন দিয়ে স্বেচ্ছায় অবসর গ্রহণ কর্মসূচি বাস্তবায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ফাইল উপস্থাপন করে। মাননীয় প্রধানমন্ত্রী ফাইল অনুমোদন করে সংস্থাপন মন্ত্রণালয়ে পাঠান সরকারি আদেশ জারি করার জন্য। জানা গেছে, উক্ত ফাইল সংস্থাপন মন্ত্রণালয়ে চাপা পড়ে আছে এবং সরকারের প্রশাসনে অসুবিধার কথা বলে বুঝানোর চেষ্টা করা হচ্ছে। অথচ এই কর্মসূচি বাস্তবায়ন হলে নতুন কর্মকর্তা/কর্মচারীদের বেতন অনেক কমে যাবে। অনেক বেকার সমস্যার সমাধান হবে এবং বিশ্বব্যাংক ও দাতা সংস্থার পরামর্শেরও বহুলাংশে বাস্তবায়ন হবে। উল্লেখ্য যে, ১৯৭৩ ইং সালের গণ কর্মচারী আইনের আওতায় সরকারি কর্মকর্তা/কর্মচারীদের চাকরির বয়সসীমা ২৫ বছর পূর্ণ হলে এবং ৫৭ বছর বয়স পূর্ণ হলে সরকারি চাকরি হতে বাধ্যতামূলক অবসর দেয়ার বিধান রয়েছে। যার কোনটাই বাস্তবায়ন হচ্ছে না। এমন কিছু কিছু অফিস আছে যেখানে গুটি কয়েকজন অসৎ কর্মকর্তা/কর্মচারী ঘুস, দুর্নীতি ও জালিয়াতির সাথে জড়িত আছে। তারাই সরকারের এই অবসর গ্রহণ কর্মসূচি বাস্তবায়ন চায় না। কিন্তু বহু সৎ কর্মকর্তা/কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করতে ইচ্ছুক। তাই ২০ বছরে স্বেচ্ছায় অবসর গ্রহণ, ২৫ বছরে বাধ্যতামূলক অবসর এবং ৫৭ বছর বয়স পূর্ণ হলে বাধ্যতামূলক অবসর-কর্মসূচি বাস্তবায়ন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী, সংস্থাপন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ মজনু মৃধা
নারিশা খালপাড়, নারিশা
দোহার, ঢাকা